LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

বৃহস্পতিবার, ৫ই জুলাই , ২০১৮ ইং

টেলিযোগাযোগ ছাড়া সব খাতের বাজার মূলধন বেড়েছে

তিন কার্যদিবসে ১৫৬ পয়েন্ট পড়ে যাওয়ার পর গতকাল প্রায় ৩৬ পয়েন্ট বেড়েছে ঢাকার শেয়ারবাজারের ব্রড ইনডেক্স ডিএসইএক্স। দেশের উভয় স্টক এক্সচেঞ্জে সব সূচকে পয়েন্ট যোগ হওয়ার পাশাপাশি বেড়েছে লেনদেনও। সিংহভাগ কোম্পানির দরবৃদ্ধিতে শুধু টেলিযোগাযোগ ছাড়া সব খাতের বাজার মূলধন বেড়েছে। বিনিয়োগকারী ও বিশ্লেষকরা জানিয়েছেন, ব্যাংক ও এনবিএফআই (ব্যাংক-বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান) কর্তৃক ঋণের সুদহার সিঙ্গেল ডিজিটে নামিয়ে আনার প্রাথমিক পদক্ষেপ পুঁজিবাজারে তারল্যপ্রবাহ সম্পর্কে বিনিয়োগকারীদের কিছুটা হলেও আশ্বস্ত করেছে। এমন পরিস্থিতিতে যেসব খাতের আউটলুক ইতিবাচক, দরপতন-পরবর্তী দামে সেসব খাতের কিছু ভালো শেয়ারে ক্রয়াদেশ বাড়িয়েছেন বিনিয়োগকারীরা। এতে লেনদেনের শুরু থেকেই শেয়ারবাজারে সূচক বাড়তে থাকে। দিনের মধ্যভাগে প্রায় ৫ হাজার ৩৩৫ পয়েন্টে উন্নীত হওয়ার পর বিক্রয়াদেশ কিছুটা বাড়তে থাকে। http://bonikbarta.net

ডিএসই থেকে সরকারের রাজস্ব কমেছে

সূচক ও লেনদেন কিছুটা কমায় সদ্যসমাপ্ত ২০১৭-১৮ অর্থবছরে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) থেকে সরকারের রাজস্ব আগের বছরের তুলনায় ৪ দশমিক ১৪ শতাংশ কমেছে। ৩০ জুন পর্যন্ত এক বছরে বিভিন্ন খাতে সরকারকে মোট ২৩৭ কোটি ৪৯ লাখ ৬০ হাজার টাকা রাজস্ব দিয়েছে ডিএসই। আগের হিসাব বছরে তা ছিল ২৪৭ কোটি ৭৬ লাখ ৫০ হাজার টাকা। স্টক এক্সচেঞ্জ সূত্রে জানা গেছে, ২০১৭-১৮ অর্থবছরে ডিএসইর ব্রোকারেজ হাউজগুলোর সম্পাদিত লেনদেন থেকে সরকারের কোষাগারে জমা দেয়ার জন্য মোট রাজস্ব আদায় হয়েছে ১৫৯ কোটি ২ লাখ ৬০ হাজার টাকা। অন্যদিকে উদ্যোক্তা-পরিচালক ও প্লেসমেন্ট শেয়ারধারীদের কাছ থেকে রাজস্ব আদায় হয়েছে ৭৪ কোটি ১২ লাখ টাকা এবং শেয়ারহোল্ডারদের শেয়ার বিক্রি বাবদ ৪ কোটি ৩৪ লাখ ৯০ হাজার টাকা রাজস্ব আদায় হয়েছে। http://bonikbarta.net

ইসলামিক ব্যাংকিংয়ের অধিকাংশ পরিমাপকে পিছিয়ে বাংলাদেশ

বিশ্বব্যাপী ইসলামিক বন্ড ‘সুকুক’ খুবই জনপ্রিয়। কিন্তু আটটি পূর্ণ ইসলামিক ব্যাংক ও ১৭টি ব্যাংকের ইসলামিক ব্যাংকিং উইন্ডো থাকা সত্ত্বেও বাংলাদেশে এখনো সুকুক চালু হয়নি। তবে ভিন্ন নামে ইসলামিক বন্ড চালু থাকলেও তাতে আগ্রহ দেখাচ্ছেন না গ্রাহক। মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ হওয়া সত্ত্বেও ইসলামিক ব্যাংকিংয়ের অধিকাংশ পরিমাপকে বাংলাদেশ এখনো পেছনের সারিতে রয়েছে। বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্টের (বিআইবিএম) গবেষণা প্রতিবেদনে এমনটি বলা হয়েছে।বিশ্বে ইসলামিক বন্ড সুকুক সবচেয়ে জনপ্রিয় সৌদি আরবে। সুকুকের মোট শেয়ারের প্রায় ৩৯ শতাংশ তাদের দখলে। দ্বিতীয় অবস্থানে রয়েছে মালয়েশিয়া। সুকুক দেশটির উন্নয়নে বড় ভূমিকা রেখেছে। ২০১৮ সালের সর্বশেষ হিসাব অনুযায়ী, বিশ্বে সুকুকের প্রায় ৩৩ শতাংশ শেয়ার মালয়েশিয়ার দখলে রয়েছে। এরপর রয়েছে যথাক্রমে ইন্দোনেশিয়া, কাতার, ওমান, তুরস্ক, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, পাকিস্তান, হংকং, নাইজেরিয়া, ব্রুনাই ও জর্ডান।http://bonikbarta.net

হিলি স্থলবন্দরে আটকে আছে আট হাজার টন চাল

৭ জুন ঘোষিত বাজেট প্রস্তাবনায় চাল আমদানিতে শুল্কহার ২ শতাংশ থেকে বাড়িয়ে ২৮ শতাংশ করা হয়। এর আগের তিন-চারদিনে দিনাজপুরের হিলি স্থলবন্দর দিয়ে ৩৪৭টি ট্রাকে প্রায় ১২ হাজার টন চাল আমদানি করা হয়। ৬ জুন বিকাল পর্যন্ত আমদানিকারকরা চার হাজার টন চাল ২ শতাংশ শুল্কে ছাড় করিয়ে নেন। কিন্তু এরপর কাস্টমসের সার্ভার বন্ধ থাকার কারণে ২০৯টি ট্রাকে থাকা প্রায় আট হাজার টন চাল আমদানিকারকরা আগের শুল্কহারে খালাস করতে পারেননি। কাস্টমস বলছে, বাজেট ঘোষণার পর বর্ধিত ২৮ শতাংশ হারে শুল্ক পরিশোধ করেই চাল খালাস করতে হবে। কিন্তু আমদানিকারকরা তা মানতে নারাজ। মূলত শুল্কহার-সংক্রান্ত এ জটিলতার কারণেই হিলি স্থলবন্দরে প্রায় এক মাস ধরে আট হাজার টন আমদানিকৃত চাল আটকে রয়েছে।http://bonikbarta.net

ইইউকে যুক্তরাষ্ট্রবিরোধী বাণিজ্য জোট গড়ার আহ্বান চীনের

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উচ্চহারে আমদানি শুল্ক আরোপে বিশ্বব্যাপী বাণিজ্যযুদ্ধের উত্তেজনায় চীন এ মাসের শেষে অনুষ্ঠেয় একটি সম্মেলনে ট্রাম্পের বাণিজ্য নীতিরবিরুদ্ধে ইউরোপীয় ইউনিয়নকে (ইইউ) একটি কড়া যৌথ বিবৃতি দেয়ার আহ্বান জানাবে বলে জানিয়েছেন ইউরোপের কর্মকর্তারা। খবর রয়টার্স। ব্রাসেলস, বার্লিন ও বেইজিংয়ের বৈঠকে চীনের ভাইস প্রেসিডেন্ট লিও হে এবং সরকারের শীর্ষ কূটনীতিবিদ ওয়াং ইয়ুসহ শীর্ষ কর্মকর্তারা দুটি অর্থনৈতিক পরাশক্তির মধ্যে মিত্রতার আহ্বান জানিয়ে নিজেদের সদিচ্ছার প্রমাণ হিসেবে চীনা বাজারকে আরো উন্মুক্ত করার প্রস্তাব দিয়েছে।এর মধ্যে একটি প্রস্তাব হচ্ছে, বিশ্ব বাণিজ্য সংস্থায় যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে চীন ও ইইউর যৌথ পদক্ষেপ। তবে চলতি মাসের ১৬ ও ১৭ তারিখে বেইজিংয়ে অনুষ্ঠেয় চীনা-ইউরোপীয় শীর্ষ সম্মেলনের প্রাক্কালে ইইউ ওয়াশিংটনের বিরুদ্ধে গিয়ে বেইজিংয়ের সঙ্গে এ মিত্রতার প্রস্তাব প্রত্যাখ্যান করেছে বলে রয়টার্সকে জানিয়েছেন ইইউর পাঁচ কর্মকর্তা ও কূটনীতিবিদ। http://bonikbarta.net

খাদ্য ও পানীয় ব্যবসাকে এক ছাতায় নিয়ে আসছে টাটা

খাদ্য ও পানীয় ব্যবসা একক একটি কোম্পানির অধীনে পরিচালনার প্রস্তাব পর্যালোচনা করে দেখছে ভারতের বৃহত্তম কনগ্লোমারেট টাটা গ্রুপ। সম্প্রতি বিষয়সংশ্লিষ্ট ব্যক্তিরা এ তথ্য জানিয়েছেন। খবর বিজনেস স্ট্যান্ডার্ড। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, মুম্বাইভিত্তিক গ্রুপটি টাটা কেমিক্যালস লিমিটেডের লবণ ও ব্র্যান্ডেড ডালের ব্যবসা পৃথক করে টাটা গ্লোবাল বেভারেজের মধ্যে সমন্বয়ের কথা বিবেচনা করছে। এছাড়া কনগ্লোমারেটটি টাটা কফি লিমিটেডকে পানীয় কোম্পানির সঙ্গে একীভূত করার এবং দুগ্ধ ব্যবসায় প্রবেশের কথা বিবেচনা করছে। উল্লেখ্য, টাটা কফি লিমিটেডের মালিকানায় কফি ও চা বাগান রয়েছে। একীভবনের প্রস্তাবটি টাটা গ্রুপের চেয়ারম্যান নটরাজন চন্দ্রশেখরণের বৃহৎ কৌশলের অংশ। দক্ষতা বৃদ্ধি ও কনগ্লোমারেটটিকে সরল করার লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যবসাগুলোকে একটি ছাতার নিচে সমন্বিত করার পরিকল্পনা করছেন চন্দ্রশেখরণ। উল্লেখ্য, ভারতের বৃহত্তম কনগ্লোমারেটটির অধীনে ১০০টির বেশি স্বাধীন অপারেটিং কোম্পানি রয়েছে। http://bonikbarta.net

বৈশ্বিক ধাতুর বাজারে অবস্থান পোক্ত করছে ভারতীয় অ্যালুমিনিয়াম

অ্যালুমিনিয়ামের আমদানি শুল্ক বৃদ্ধিকে কেন্দ্র করে যে সময় যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যে তুমুল বাণিজ্য বিরোধ চলছে, ঠিক সে সময় ভারতের অ্যালুমিনিয়াম উৎপাদন ও রফতানি খাতে বড় ধরনের প্রবৃদ্ধির খবর মিলেছে। উৎপাদন খাতে চাঙ্গাভাবের জের ধরে সর্বশেষ ২০১৭-১৮ অর্থবছরে দেশটি থেকে আন্তর্জাতিক বাজারে ব্যবহারিক ধাতুটির রফতানি আগের অর্থবছরের তুলনায় ৩৬ শতাংশ বেড়েছে। http://bonikbarta.net